

# কিশোরগঞ্জ পৌরসভা কার্যালয়

কিশোরগঞ্জ।

## নিরীক্ষা প্রতিবেদন (Audit Report)

কিশোরগঞ্জ পৌরসভার হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির বিধি বিধান ও নির্দেশাবলী অনুসরণ এবং নির্ভরযোগ্যতা ও নির্ভুলতা নিশ্চিত করার উদ্যোগে ২০/০৯/২০১৯ ইং তারিখ হইতে ২৬/০৯/২০১৯ইং তারিখ (সরকারী ছুটি ব্যতীত) কিশোরগঞ্জ পৌরসভার হিসাব শাখা থেকে প্রাপ্ত সকল বিল ভাউচার এবং নথিপত্র পর্যালোচনাপূর্বক ২০১৮-২০১৯ নিরীক্ষা কার্য সম্পন্ন করা হয়। নিরীক্ষা কার্য চলাকালীন হিসাব শাখায় যে সমস্ত কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেনঃ-

- ১। মোঃ জাকির হোসেন, হিসাব রক্ষণ কর্মকর্তা।
- ২। মোঃ সিরাজুল ইসলাম, হিসাব রক্ষক।
- ৩। মোঃ হুমায়ুন কবির, কোষাধ্যক্ষ।
- ৪। মোহাম্মদ আবদুল হক, হিসাব সহকারী।

অভ্যন্তরীণ নিরীক্ষা গাইডলাইন অনুসরণপূর্বক কিশোরগঞ্জ পৌরসভার হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সদস্যদের দ্বারা এই নিরীক্ষা কার্যক্রম পরিচালিত হয়।

হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির পক্ষে  
মোঃ এরশাদ খান  
কাউন্সিলর

(মোঃ এরশাদ খান) সভাপতি  
সভাপতি হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি  
কিশোরগঞ্জ পৌরসভা।

হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি,  
এবং  
কাউন্সিলর, কিশোরগঞ্জ পৌরসভা।

অফিস প্রধানের সহিত আলোচনাঃ

হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সদস্যদের সহিত আলোচনা করিলাম এবং নিরীক্ষার বিস্তারিত বিবরণ অবহিত হলাম।

(মোঃ পারভেজ মিয়া)

মেয়র

কিশোরগঞ্জ পৌরসভা

কিশোরগঞ্জ।

# কিশোরগঞ্জ পৌরসভা কার্যালয়

কিশোরগঞ্জ।

২৬/০৯/২০১৯ইং তারিখে কিশোরগঞ্জ পৌরসভায় অনুষ্ঠিত হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্য নিবরণীঃ

সভাপতি : মোঃ এরশাদ খান, সভাপতি, অত্র কমিটি ও কাউন্সিলর, কিশোরগঞ্জ পৌরসভা।

স্থানঃ কিশোরগঞ্জ পৌরসভার সভাকক্ষ।

- ১। মোঃ পারভেজ মিয়া, মেয়র, কিশোরগঞ্জ পৌরসভা।
- ২। প্রতিমা কর, কাউন্সিলর, সংরক্ষিত আসন, কিশোরগঞ্জ পৌরসভা।
- ৩। কামরুন্নাহার লিপি, কাউন্সিলর, সংরক্ষিত আসন, কিশোরগঞ্জ পৌরসভা।
- ৪। মোঃ আশরাফুল আলম শামীম, কাউন্সিলর, কিশোরগঞ্জ পৌরসভা।

সভার শুরুতে সম্মানিত সদস্যদের ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার কাজ শুরু করা হয়। সভায় উপস্থিত মাননীয় মেয়র মহোদয় উপস্থিত থাকায় সভার বিভিন্ন আলোচনা ও নিরীক্ষার বিষয়ে গুরুত্ব বহন করে।

সভাপতি সভাকে অবহিত করেন যে, বিগত ২০/০৯/২০১৯ হতে ২৬/০৯/২০১৯ ইং তারিখ পর্যন্ত সময়কালে (সরকারী ছুটি ব্যতীত) কিশোরগঞ্জ পৌরসভা ২০১৮-২০১৯ অর্থ বছরের বিভিন্ন খাতের উপর হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত কমিটি কর্তৃক প্রতিটি খাতের আয় ও ব্যয় পরীক্ষা-নিরীক্ষা করা হয়। সভায় আঞ্চলিক সমন্বয়কারী (ফাইন্যান্স) ও ফ্যাসিলিটর (ফাইন্যান্স) ও হিসাব রক্ষক উপস্থিত ছিলেন।

হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত কমিটি কর্তৃক নিরীক্ষাকালে কোন কোন ক্ষেত্রে সাধারণ ত্রুটি পরিলক্ষিত হয়। উক্ত সাধারণ ত্রুটিগুলো সংশোধনের জন্য সভাকর্তৃক পরামর্শ প্রদান করা হয় এবং মেয়র মহোদয়কে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়।

এছাড়া নিম্ন বর্ণিত আপত্তিগুলো প্রদান করা হলোঃ

- ১। ২০১৮-২০১৯ অর্থ বছরের হাটবাজার ইজারা বাবদ ৩,০০,০০০/- টাকা অনাদায়ী রয়েছে।
- ২। ২০১৮-২০১৯ অর্থ বছরের পৌর মার্কেটের দোকান ভাড়া বাবদ ২,০০,০০০/- টাকা অনাদায়ী রয়েছে।
- ৩। ২০১৮-২০১৯ অর্থ বছরের ট্রেড লাইসেন্স বাবদ ১,০০,০০০/-টাকা অনাদায়ী রয়েছে।
- ৪। ২০১৮-২০১৯ অর্থ বছরের নিলাম ডাকের কর্তৃনকৃত ভ্যাট ও আয়কর বাবদ ১,৫০০/- টাকা জমা করা হয়নি।
- ৫। ২০১৮-২০১৯ অর্থ বছরের স্থাবর সম্পত্তি হস্তান্তর কর বাবদ প্রাপ্ত অর্থ বাজেটের লক্ষমাত্রা অর্জিত হয়নি।
- ৬। ২০১৮-২০১৯ অর্থ বছরের অগ্রিম বাবদ ৪,৫০০/- টাকা সমন্বয় হয়নি।
- ৭। ২০১৮-২০১৯ অর্থ বছরের ১,০০০/- টাকার রেভিনিউ স্ট্যাম্প লাগানো হয়নি।
- ৮। ২০১৮-২০১৯ অর্থ বছরের বৈদ্যুতিক মালামালের ভ্যাট বাবদ ১,০০০/- টাকা কর্তন করা হয়নি।
- ৯। ২০১৮-২০১৯ অর্থ বছরের ক্রয়কৃত ৪,০০০/- টাকার মাল স্টক বহিতে লিপিবদ্ধ করা হয়নি।

মোঃ এরশাদ খান  
কাউন্সিলর  
ও  
সভাপতি  
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি  
কিশোরগঞ্জ পৌরসভা।





হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ও স্বাক্ষরঃ-

সভার তারিখঃ-২৬/০৯/২০১৯ইং

ক্রমিক নং	নাম	কমিটিতে পদবী	মূল পদবী	ওয়ার্ড নং	স্বাক্ষর
০১	মোঃ এরশাদ খান	সভাপতি	কার্ডিনাল সাধারণ	০৯	
০২	মোঃ পারভেজ মিয়া	সদস্য	মেয়র	-	
০৩	মোঃ আশরাফুল আলম শামীম	সদস্য	কার্ডিনাল সাধারণ	০৫	
০৪	প্রতিমা কর	সদস্য	কার্ডিনাল সাধারণ	৫,৬,৮	
০৫	কামরুন্নাহার লিপি	সদস্য	কার্ডিনাল সাধারণ	৪,৭,৯	